# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
রাজশাহী পওর বিভাগ
বাপাউবো, সপুরা, রাজশাহী-৬২০৩।
টেলিফোনঃ ০২৫৮৮৮৬১৯৮৮
Website: www.bwdb.gov.bd; www.bwdb.rajshahi.gov.bd
E-mail: xen.rajshahi@gmail.com; xen.rajshahi@bwdb.gov.bd


## " ডিজিটালে তথ্য সেবা নেব সময়,খরচ,যাতায়াত ব্যবস্থায় সাশ্রয়ী হব"।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর অন্তর্গত তথ্য অধিকার বিষয়ে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম সম্পন্ন কর্মসম্পাদন সূচক [২.২.১] অনুসারে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ে সুনির্দিষ্ট রয়েছে।

তথ্যের অবাধ প্রবাহ এবং জনগনের তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যেই তথ্য অধিকার আইন-২০০৯ প্রণীত হয়েছে। স্বপ্ন ও সুদৃঢ় সংকল্পের পুঁজিতে সামর্থ্যের সীমাবদ্ধতা অতিক্রম করে বৃহত্তর অর্জনের উদাহরণ আমাদের এই সোনার বাংলা। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদক্ষ ও দূরদর্শী নেতৃত্বে ইতোমধ্যে "রূপকল্প-২০২১" বাস্তবায়িত হয়েছে, দেশ এখন "ডিজিটাল বাংলাদেশ"। প্রজাতন্ত্রের সকল জনগণ "ডিজিটাল বাংলাদেশ" এর সকল সুবিধা ঘরে বসেই ভোগ করতে পারছে, তাই দেশ আজ বিশ্ব দরবারে উন্নয়নের দর্শন হিসেবে পরিগনিত হয়েছে।

বাস্তবায়িত "ডিজিটাল বাংলাদেশ" এখন অগ্রসরমান তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে "রূপকল্প-২০৪১" অর্জনের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সংবিধানমতে যেহেতু জনগণ প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক, সেহেতু জনগণের ক্ষমতায়নের জন্য তথ্য অধিকার নিশ্চিত করা অত্যাবশ্যক। জনগনের তথ্য অধিকার নিশ্চিত করা হলে সরকারি, স্বায়ত্বশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারী ও বিদেশী অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বেসরকারী সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে, দুর্নীতি হ্রাস পাবে এবং সুশাসন প্রতিষ্ঠিত হবে।

বাংলাদেশের যে কোন নাগরিক তথ্য অধিকার আইনের আওতায় কোন তথ্য পেতে চাইলে অত্র দপ্তরে যথাযথ প্রক্রিয়ায় আবেদন করতে হবে। অত্র দপ্তরের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট লিখিতভাবে 'ক' ফরমে বা নির্ধারিত ফরমেট ব্যবহার করে সাদা কাগজে আবেদন দাখিল করতে পারবেন। আবেদনপত্রটি সরাসরি অফিসে হাজির হয়ে দাখিল করা যেতে পারে অথবা রেজিস্টার্ড ডাকযোগে বা ইলেকট্রনিক মাধ্যম বা ই-মেইলের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ করা যেতে পারে। এছাড়াও অত্র দপ্তরের ওয়েব সাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি বক্সে সকল তথ্যাদি সংরক্ষিত রয়েছে।

উল্লেখ্য যে, কর্তৃপক্ষ কোন কোন তথ্য সরবরাহে বাধ্য নয় সে বিষয়ে তথ্য কমিশন, বাংলাদেশ, প্রত্নতত্ত্ব ভবন, এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, কর্তৃক প্রকাশিত নির্দেশিকায় লিপিবদ্ধ রয়েছে। যেমনঃ নোটশীটপত্র তথ্য অধিকার আইন বহির্ভূত করা হয়েছে। জনগণের তথ্য অধিকার সংরক্ষণের জন্য সরকার একটি শক্তিশালী তথ্য কমিশনও গঠন করেছেন, যা জনগণের অধিকার নিশ্চিত করতে দৃঢ় প্রতিজ্ঞ।

২১/০২/2024

(মোঃ আরিফুর রহমান অঙ্কুর)
নির্বাহী প্রকৌশলী
রাজশাহী পওর বিভাগ
বাপাউবো, রাজশাহী।